সংবাদ

005

তারিখ ... ৮.৬.৮৫ ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... 1 ...

# কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গঠিত

(গতকাল 'কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গঠিত' শিরোনামে বাংলাদেশ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক কনভেনশনের খবর আংশিক ছাপা হয়েছে, আজ বাদবাকী অংশ ছাপা হল।)

গত সোমবার প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জহুরুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত কনভেনশনের উদ্বোধন করেন কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক মোসলেহউদ্দিন চৌধুরী। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আলী আনোয়ার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ড: মাহফুজুর রহমান, ড: মিজানুল হক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ড: আখতারুজ্জামান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ড: রশীদ আল ফারুকী, ড: মইনুল ইসলাম, কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মোয়াজ্জেম হোসেন এবং কলেজ শিক্ষকদের মধ্যে অধ্যাপিকা পান্না কায়সার, জনাব কামরুজ্জামান এবং ড: প্রদীপ কুমার রায় বক্তব্য রাখেন।

বক্তারা তাদের বক্তৃতায় বলেন, রাজনীতি যদি জীবনের সাথে জড়িত কোন বিষয় হয় এবং শিক্ষকেরা যদি জাতির বিবেক হিসেবে বিবেচিত হন তাহলে শিক্ষকদের অবশ্যই রাজনীতি করার অধিকার আছে।

প্রধান অতিথি বলেন, জাতি আজ চরমভাবে বিভ্রান্ত এবং এ অবস্থা থেকে পরিত্রাণ পেতে হলে আগে প্রয়োজন সামাজিক পরিবর্তন। তিনি আশা প্রকাশ করে বলেন, একটি সংঘবদ্ধ সংগঠনের মাধ্যমে শিক্ষকেরা এগিয়ে এসে এই পরিবর্তনের প্রক্রিয়াকে ত্বরান্বিত করবেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে অধ্যাপক শফি আহমেদ একটি প্রবন্ধ পড়েন এবং আলোচনায় অংশ নেন শ্রী যতীন সরকার, জনাব বদিউর রহমান এবং জনাব শফিকুল আলম।